
# কৃষি

## ফসল (২০০৯-২০১২)

- সরকারের কৃষি-বান্ধব কার্যক্রমের ফলে দেশ খাদ্যে প্রায় স্বয়ংসম্পূর্ণ।
- দরিদ্র ও নিম্ন আয়ভোগী জনগণের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ।
- মোট চাল উৎপাদন ১৩ কোটি ২৮ লক্ষ টন। বিএনপি-জামাত জোটের একই সময়ে উৎপাদন ১০ কোটি ৮ লক্ষ টন। ৩১ দশমিক ৭ শতাংশ প্রবৃদ্ধি অর্জন।




- কৃষককে ২৪ হাজার কোটি টাকা ভর্তুকি প্রদান।
- সার, বীজ, সেচ ও কৃষি যন্ত্রপাতির মূল্য কৃষকের ক্রয়সীমার মধ্যে নামিয়ে আনা।
- কৃষককে কৃষিকাজে উৎসাহিত করার লক্ষ্যে ভর্তুকির পাশাপাশি বাজারজাতকরণ ব্যবস্থার উন্নয়ন। ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিতকরণ।
- হ্রাসকৃত মূল্যে পর্যাপ্ত সার সময়মতো কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়া নিশ্চিতকরণ।
- ৪৫ হাজার ৭২২ কোটি টাকা কৃষিঋণ বিতরণ। প্রায় ১ কোটি ৪৪ লক্ষ কৃষি উপকরণ সহায়তা কার্ড বিতরণ।
- কৃষকদের জন্য মাত্র ১০ টাকায় ব্যাংক একাউন্ট খোলার সুযোগ। ৯৫ লক্ষের বেশি ব্যাংক হিসাব খোলা।
- বাংলাদেশের প্রস্তাবে সার্ক সিড ব্যাংক গঠনের প্রস্তাব সার্ক শীর্ষ সম্মেলনে গৃহীত।
- বাংলাদেশের বিজ্ঞানী কর্তৃক পাটের জীবন রহস্য উন্মোচন। এ সুবিধা কাজে লাগানোর লক্ষ্যে ৬৬ কোটি টাকা ব্যয়ে পাট বিষয়ক মৌলিক ও ফলিত গবেষণা বাস্তবায়নাধীন।

- উদ্ভিদ বিধ্বংসী ছত্রাকের জীবন রহস্য আবিষ্কার। বিধ্বংসী ছত্রাক সহনশীল বিভিন্ন ফসলের জাত উদ্ভাবনের সুযোগ সৃষ্টি।



*প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ এপ্রিল ২০১১ শেরেবাংলানগরস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সার্ক সীড কংগ্রেস ও বীজ মেলার উদ্বোধন শেষে বীজ মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন।*

- সুষম সার ব্যবহার উৎসাহকরণে নন-ইউরিয়া সারের দাম ৩ দফা হ্রাস। প্রতি কেজি টিএসপি সারের দাম ৮০ টাকা থেকে ২২ টাকা, এমওপি ৭০ টাকা থেকে ১৫ টাকা এবং ডিএপি ৯০ টাকা থেকে ২৭ টাকায় হ্রাস।
- পাট চাষীদের সুবিধার্থে প্রতি বছর ১৫ লাখ পাট চাষীকে ২০০ টাকা করে সহায়তা প্রদান।
- সার ও সেচে ভর্তুকি ৩ হাজার ৯০০ কোটি টাকা থেকে ৭ হাজার কোটি টাকায় উন্নীত ।
- বিএডিসি'র বিভিন্ন ফসলের মানসম্পন্ন বীজ উৎপাদন সামর্থ্য ১৫ শতাংশ বৃদ্ধি। বীজ হিমাগারের ধারণ ক্ষমতা বৃদ্ধি ও প্রতিটি ২ হাজার টন ধারণ ক্ষমতা সম্পন্ন ৫টি নতুন বীজ হিমাগার নির্মাণাধীন।
- ২০১২-১৩ অর্থবছরে ১৪ হাজার ১৩০ কোটি টাকা কৃষিঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ।
- ৪২টি জেলার ২২৫টি উপজেলায় ৪ লক্ষ ৩২ হাজার বর্গাচাষীর মধ্যে ৫১২ কোটি টাকা কৃষিঋণ বিতরণ।
- কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য ৪৮টি জেলার ২৫০টি উপজেলায় ৫ লক্ষ বর্গাচাষীকে ৫৭৭ কোটি টাকা কৃষিঋণ প্রদান।
- রাষ্ট্রায়ত্ব ব্যাংকগুলো আলাদাভাবে ১৩ লক্ষ বর্গাচাষীকে ২ হাজার ২৬১ কোটি টাকা কৃষিঋণ বিতরণ।
- ২০১১-১২ অর্থবছর থেকে ৪ শতাংশ রেয়াতী সুদে ঋণ প্রদান।
- শস্য বহুমুখীকরণ এবং উচ্চমূল্য ফসল উৎপাদনের লক্ষ্যে রাজশাহী ও রংপুর বিভাগের ১৬টি জেলার ৬১টি উপজেলায় ১৭৪ কোটি টাকা কৃষিঋণ বিতরণ।

- ১৩ লক্ষ ৭৬ হাজার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে বিনামূল্যে বীজ ও সার বিতরণ। ১০৯ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়। আউশ ধান চাষের প্রণোদনা হিসেবে প্রতিবছর প্রায় ৫ লক্ষ কৃষককে বিনামূল্যে সার ও বীজ প্রদান।
- ভুট্টা চাষের জন্য ক্ষুদ্র ও প্রান্তিক চাষীকে বিনামূল্যে সার ও বীজ প্রদান।
- হাওর অঞ্চলের বোরো চাষীদের বিনামূল্যে সার ও বীজ প্রদান।
- সেচের জন্য ব্যবহৃত বিদ্যুৎ বিলের ২০ শতাংশ রিবেট প্রদান।
- সেচ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ২ হাজার ৬৫৩ কিলোমিটার খাল খনন, ২ হাজার ৪৭৪টি সেচ অবকাঠামো, ১ হাজার ২৩৮ কিলোমিটার সেচ নালা, ৯০টি ওভারহেড ট্যাঙ্ক, ৭৩ কিলোমিটার মাটির বাঁধ ও ২টি রাবার ডেম নির্মাণ, ২০৩টি গভীর নলকূপ ও ৩৮৯টি টিউবওয়েল স্থাপন, ২ হাজার ৪১৮টি এলএলপি সরবরাহ।
- ১ লক্ষ ৪২ হাজার ৪১২ হেক্টর জমিতে সেচ সম্প্রসারণ। ৩ হাজার ২০৬ হেক্টর জমির জলাবদ্ধতা দূরীকরণ।
- ১৮০টি স্যালাইনিটি অবজারভেশন কেন্দ্র স্থাপন।
- কৃষি জমি হ্রাস পাওয়া সত্ত্বেও খাদ্যশস্য উৎপাদন ৩ কোটি ৪৭ লক্ষ টন থেকে ৩ কোটি ৬৯ লক্ষ টনে উন্নীত।
- ডাল, তৈলবীজ, মসলা ও ভুট্টা চাষের জন্য ২ শতাংশ রেয়াতী সুদে ২৪২ কোটি টাকা ঋণ প্রদান।

সারণী: বিভিন্ন ফসলের উৎপাদন (লক্ষ টনে)।

| ফসলের নাম | ২০০৯ | ২০১০ | ২০১১ | ২০১২ |
|---|---|---|---|---|
| চাল | ৩১৭ | ৩৩৩ | ৩৩৭.৫ | ৩৪০.৫ |
| গম | ৮.৫ | ৯.৭ | ৯.৭ | ১০ |
| ভুট্টা | ৬.৫ | ১৩.৭ | ১৫.৫ | ১৯.৫ |
| আলু | ৬৭.৫ | ৮৪ | ৮৩.৩ | ৮২.১ |
| ডাল | ৫.৯ | ৬.৫ | ৭.২ | ৬.৭ |
| পেঁয়াজ | ৮.৫ | ১৪.২ | ১৫.৯ | ১৯ |
| পাট (লক্ষ বেল) | ৪৯.৪ | ৮৪.৬ | ৮০ | ৭৪.৪ |

- আলু উৎপাদন ৬৭ লক্ষ টন থেকে ৮৩ লক্ষ টনে উন্নীত।
- পেঁয়াজ, সবজি, মসলা, ফল প্রভৃতি ফসলের উৎপাদন ব্যাপক বৃদ্ধি।
- প্রত্যন্ত অঞ্চলের কৃষকের কাছে পর্যাপ্ত সার সুলভ মূল্যে সময়মত পৌঁছে দেয়ার লক্ষ্যে ৮ হাজার ৬৮ জন সার ডিলার ও ইউনিয়ন পর্যায়ে ২৮ হাজার খুচরা বিক্রেতা নিয়োজিত।

- গুটি ইউরিয়া উৎপাদন ও ব্যবহার উৎসাহ প্রদান। জৈব সার ব্যবহারে ৩০০ উপজেলায় কার্যক্রম গ্রহণ।
- আইলায় ক্ষতিগ্রস্ত কৃষকদের ৩২ কোটি টাকা সহায়তা প্রদান।
- বরেন্দ্র অঞ্চলে ২ হাজার ২১৮টি গভীর নলকূপ স্থাপন, ৩ হাজার ৯৭৪টি গভীর নলকূপের বিদ্যুতায়ন, ৫ হাজার ৮৫৭ কিলোমিটার সেচ নালা নির্মাণ, ৩২ কিলোমিটার সড়ক নির্মাণ ও ৪৪ হাজার ৮৫০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান।
- কৃষকের ফসল বাজারজাতকরণ উন্নয়নে উত্তরাঞ্চলে ১৫টি পাইকারী বাজার এবং ৬০টি গ্রোয়ার্স মার্কেট ও গাবতলীতে কেন্দ্রীয় মার্কেট স্থাপন।
- কৃষকের উৎপাদিত ৩৭ হাজার ২৩১ টন শস্য সংরক্ষণের বিপরীতে ৪৫ কোটি টাকা ঋণ বিতরণ।
- দেশের ১০টি কৃষি অঞ্চলে ৯৫টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র স্থাপন। আরো ১৫০টি স্থাপনের উদ্যোগ গ্রহণ।
- কৃষি যান্ত্রিকীকরণ প্রসারে পাওয়ার টিলার, ট্রাক্টর, পাওয়ার থ্রেসার, মেইজ সেলার, স্প্রেয়ার, উইডার ইত্যাদি যন্ত্রপাতি ২৫ শতাংশ হ্রাসকৃত মূল্যে সরবরাহ। এতে ১৫০ কোটি টাকা ব্যয়।
- হ্রাসকৃত সুদে কৃষিঋণের পরিমাণ ৯ হাজার ২৮৪ কোটি টাকা থেকে ১৪ হাজার ১৩০ কোটি টাকায় উন্নীত।
- ফসল চাষ ও কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য ১৪ লক্ষ বর্গাচাষীকে ২ হাজার ৮৩৮ কোটি টাকা বিতরণ।
- জাতীয় কৃষিনীতি চূড়ান্ত।
- কৃষক পর্যায়ে মানসম্মত বীজ সরবরাহের লক্ষ্যে সরকার ২০১১-১২ অর্থ-বছরে ৯১ হাজার মেট্রিক টন বোরো ধানের বীজ সরবরাহ।
- কৃষককে উৎপাদন সহায়তা হিসেবে ২০১২-২০১৩ অর্থবছরে সার ও অন্যান্য কৃষি কার্যক্রমে ৬ হাজার কোটি টাকা ভর্তুকি হিসেবে বরাদ্দ প্রদান।

## মৎস্য (২০০৯-২০১২)

- মাছের উৎপাদন ২০ শতাংশ বেড়ে ৩২ লক্ষ টনে উন্নীত।
- মোট মাছ ও রেণু পোনা উৎপাদন ১ কোটি ১৯ লক্ষ ২৪ হাজার টন।
- প্রায় ৬ দশমিক ১১ শতাংশ গড় প্রবৃদ্ধি অর্জিত।

- উন্নত প্রযুক্তি ব্যবহার করে মানসম্পন্ন পোনা ও মাছ উৎপাদন, আমিষের চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি, মৎস্যজীবীদের আর্থ-সামাজিক উন্নয়ন, উন্নত নৌ-যান ব্যবহারে উৎসাহ প্রদান, দক্ষ জনবল তৈরী ইত্যাদি নিশ্চিতে ৩৮৩ কোটি টাকা ব্যয়ে ৯১টি প্রকল্প বাস্তবায়িত।
- মাছের বিভিন্ন জাতের ২২ লক্ষ কেজি রেণু উৎপাদন। ১৪টি হ্যাচারীর কাঠামোগত উন্নয়ন।
- প্রাকৃতিক ও কৃত্রিমভাবে মজুদকৃত রেণু পোনা বিলে অবমুক্তির লক্ষ্যে ৪৩৫টি বিল নার্সারী কার্যক্রম বাস্তবায়ন। বিল নার্সারীর সংখ্যা ২৬ শতাংশ বৃদ্ধি।
- মৎস্য ব্যবস্থাপনা উন্নয়নে মুক্ত জলাশয়ে রুই, কাতলা ইত্যাদিসহ দেশীয় ছোট প্রজাতির ২ হাজার ৩৯১ টন মাছের পোনা অবমুক্তকরণ।
- ৪৩৩টি মৎস্য অভয়াশ্রম স্থাপন।
- ইলিশ মাছের উৎপাদন ও সংগ্রহ বৃদ্ধির লক্ষ্যে জেলেদের বিকল্প কর্মসংস্থানের জন্য ১৯ হাজার ৪২ জন জেলেকে প্রশিক্ষন দান ও উপকরণ প্রদান। ৫ লক্ষ ৩৮ হাজার জেলে পরিবারকে ভিজিএফ কর্মসূচীর আওতায় ৫৭ হাজার মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ।
- জাটকা সংরক্ষণ সপ্তাহ উদ্‌যাপন। জাটকা নিধনরোধে ২ হাজার ১৬৬টি অভিযান পরিচালনা।
- চিংড়ী খামারের সংখ্যা ১ লক্ষ ৪০ হাজার থেকে ১ লক্ষ ৯০ হাজারে উন্নীত। অর্গানিক চিংড়ী খামার স্থাপিত। উৎপাদন বৃদ্ধি ও মান উন্নয়নে চিংড়ী খামারগুলোতে আধুনিক ও নিরাপদ উৎপাদন সামগ্রী নিশ্চিতকরণ। ৯ লক্ষ ২৪ হাজার টন চিংড়ী উৎপাদিত।
- সামুদ্রিক মৎস্য আহরণ বৃদ্ধির লক্ষ্যে ট্রলারের সংখ্যা ১৪৫টি থেকে ১৮৬টি'তে উন্নীত।
- ১ হাজার ১০১টি নতুন নৌ-যানের লাইসেন্স প্রদান। ৩ হাজার ৬০৪টি লাইসেন্স নবায়ন।
- প্রকৃত জেলেদেরকে পরিচয়পত্র প্রদান।
- মৎস্য মান নিয়ন্ত্রণে গুড এ্যাকুয়া কালচার প্রাকটিস এবং কোয়ালিটি এ্যাসুরেন্স প্রোগ্রাম বিষয়ে মৎস্য খামারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান।
- হ্যাসাপ পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে গুণগত মানসম্পন্ন চিংড়ী রপ্তানি নিশ্চিতকরণ।
- বাগেরহাট ও চট্টগ্রামে ২টি আন্তর্জাতিক মানের ল্যাবরেটরী স্থাপন। ঢাকা ল্যাবরেটরীর মান উন্নয়ন। সাভারে একটি আন্তর্জাতিক মানের রেফারেন্স ল্যাবরেটরী নির্মাণাধীন।
- মৎস্য গবেষণা উন্নয়নে ৪৮টি গবেষণা কার্যক্রম গৃহীত।
- কার্প, তেলাপিয়া, থাই কার্প ও নুনা টেংরার উন্নত জেনিটিক জাত উদ্ভাবন।
- মৎস্য সংরক্ষণে ফরমালিনের ব্যবহার নিয়ন্ত্রণের লক্ষ্যে ২ হাজার ৬০০টি মোবাইল কোর্ট পরিচালনা।
- ১৬ হাজার ১৮৩টি প্রশিক্ষণ কর্মশালা ও অন্যান্য সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন।
- নিরাপদ মাছ ও মৎস্যজাত পণ্যের প্রাপ্যতা নিশ্চিতে মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন প্রণয়ন।

- কৌলিতাত্ত্বিক গুণাবলী সম্পন্ন পোনা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য হ্যাচারী আইন প্রণয়ন।
- প্লাবনভূমিতে মাছ চাষ ও ব্যবস্থাপনা উন্নয়ন। মুক্ত জলাশয়ে দেশীয় প্রজাতির মাছের বিলুপ্তি রোধে পদক্ষেপ গ্রহণ। অভ্যন্তরীণ জলাশয়ে উৎপাদন বৃদ্ধি। উপকূলীয় অঞ্চলে সমন্বিত চিংড়ী চাষ, খাঁচায় ও পেন এ মাছ চাষ সম্প্রসারণ।
- মৎস্য উৎপাদন জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলায় পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন।
- হালদা নদীর প্রাকৃতিক প্রজনন মৎস্য ক্ষেত্র উন্নয়নে পদক্ষেপ গ্রহণ। হালদা নদীতে প্রায় ৪০ কিলোমিটার এলাকাকে অভয়াশ্রম ঘোষণা।
- আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক ৭টি হ্যাচারি স্থাপন ও সংস্কার।
- ২৩ কোটি টাকা ব্যয়ে কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন বৃদ্ধি, সংরক্ষণ ও ব্যবস্থাপনা জোরদাকরণ।
- হালদা পাড়ের মৎস্যজীবীদের প্রশিক্ষণ, সচেতনতা বৃদ্ধি, বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ ও ত্রাণ বিতরণ।
- বঙ্গভবনে মুক্তা চাষের ক্ষেত্রে সফলতা অর্জন। পাঁচ রঙের প্রায় ১০০ মিলিগ্রাম মুক্তা উৎপাদন।
- ঢাকা মহানগরে মৎস্য বিপণন সুবিধা স্থাপনে উদ্যোগ গ্রহণ।
- যাত্রাবাড়ীতে ৮৮টি মৎস্য আড়ৎ ও ১৩২ কক্ষবিশিষ্ট একটি ছয় তলা ভবন নির্মাণ।
- দেশের মোট ১৫টি জেলার ৮৫টি উপজেলায় ১ লক্ষ ৮৬ হাজার জেলে পরিবারকে ভিজিএফ কার্যক্রমের আওতায় খাদ্য সহায়তা প্রদান।
- অমৌসুমে দরিদ্র জেলেদের প্রতি মাসে পরিবার প্রতি ৩০ কেজি হারে বছরে চার মাসে সর্বমোট ২২ লক্ষ ৩৫ হাজার ১৬৮ মেট্রিক টন চাল প্রদান।
- জাটকা নিধন রোধকল্পে দক্ষিণাঞ্চলের ৫টি জেলার ২৬টি উপজেলায় দরিদ্র জেলেদের মধ্যে ১ হাজার ২৯১ টন চাল বিতরণ। কাপ্তাই, হালদা ও টাঙ্গুয়া হাওরের জেলেদের জন্য ৭৬৫ টন চাল বিতরণ।

## প্রাণিসম্পদ (২০০৯-২০১২)

- প্রাণিজ আমিষের প্রায় ৫০ শতাংশ প্রাণিসম্পদ থেকে যোগান।
- গবাদিপশু ও হাঁস-মুরগীর টিকা উৎপাদন কার্যক্রমকে আধুনিকীকরণ। ১৯ প্রকার টিকা উৎপাদন। গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম গৃহীত।
- আত্মকর্মসংস্থানের লক্ষ্যে প্রাণিসম্পদ খাতে মোট ৯ লক্ষ ৫২ হাজার বেকার যুবক-যুবতী, অসহায় কর্মক্ষম বিধবা ও বয়স্কদের প্রশিক্ষণ প্রদান।
- মানবদেহে সংক্রমণযোগ্য গবাদি পশু ও পাখির রোগ-বালাইয়ের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণ।

- ঢাকা চিড়িয়াখানাকে বৈচিত্র্যময় ও আকর্ষণীয় করার কার্যক্রম গ্রহণ।
- বিভিন্ন প্রজাতির ২০টি প্রাণী ও ১৫৩টি পাখি ক্রয়। আরো ২০০টি নতুন প্রাণী ক্রয়ের উদ্যোগ গ্রহণ।
- দেশে প্রথমবারের মত মহিষের কৃত্রিম প্রজননের মাধ্যমে উন্নত জাত উদ্ভাবনের পদক্ষেপ গ্রহণ।
- এভিয়ান ইনফ্লুয়েঞ্জা, এনথ্রাক্স, ক্ষুরারোগ ইত্যাদির প্রবেশ রোধকল্পে ব্যবস্থা গ্রহণ।
- সীমান্ত জেলাসমূহে ২৪টি স্থানে কোয়ারেনটাইন স্টেশন স্থাপন।
- প্রাণিস্বাস্থ্যের উন্নয়ন। পশুস্বাস্থ্য রক্ষায় চিকিৎসা সুবিধা সম্প্রসারণ। প্রাণিরোগ ব্যবস্থাপনা জোরদারকরণ।
- গবাদিপশু, হাঁস-মুরগীর চিকিৎসা ও রোগ নিয়ন্ত্রণ, জাত উন্নয়ন এবং প্রাণিসম্পদ সংক্রান্ত সেবামূলক কাজের উন্নয়ন ও সম্প্রসারণ।
- গবাদিপশু ও হাঁস-মুরগীর মৃত্যুহার হ্রাস, খামারিদের কাছে আধুনিক প্রাণিসম্পদ প্রযুক্তি হস্তান্তর ও প্রশিক্ষণের মাধ্যমে প্রাণিজ আমিষের উৎপাদন বৃদ্ধি, পল্লী অঞ্চলে কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ৮১ উপজেলায় প্রাণিসম্পদ উন্নয়ন কেন্দ্র স্থাপন।
- ডেইরী শিল্পের উন্নয়ন ও গবেষণা জোরদার। ডেইরী শিল্প স্থাপন।
- বার্ষিক দুধ উৎপাদন ২২ লক্ষ টন থেকে ৩৩ লক্ষ টনে উন্নীত। মোট উৎপাদন ১ কোটি ১৬ লক্ষ টন।
- বার্ষিক মাংস উৎপাদন ২০ লক্ষ টন থেকে ২৭ লক্ষ টনে উন্নীত। মোট উৎপাদন ৮০ লক্ষ ২৪ হাজার মেট্রিক টন।
- ডিমের উৎপাদন ৪৭০ কোটি থেকে ৬০০ কোটিতে উন্নীত। মোট উৎপাদন ২ হাজার ৪৪৭ কোটি।
- ৪ বছরে দুধ, মাংস ও ডিমের মাথাপিছু প্রাপ্যতা প্রায় দ্বিগুণ বৃদ্ধি।
- প্রাণিসম্পদ ও ডেইরী বিষয়ক সরকারী, বেসরকারী এবং যৌথ কারবারি প্রতিষ্ঠান স্থাপন।
- দুগ্ধ ও দুগ্ধশিল্প উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ ডেইরী উন্নয়ন কাউন্সিল গঠন।
- প্রাণিসম্পদ উন্নয়নে গবেষণা জোরদার। গবেষণা ইনস্টিটিউটে বায়োটেকনোলজীসহ ২টি গবেষণা বিভাগ চালু। বিভিন্ন ডিসিপ্লিনে ১৩৩টি গবেষণা অব্যাহত।
- খামারী পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে ১৮টি প্রযুক্তি হস্তান্তর।
- বছরে ২৮০-২৯৫টি ডিম পাড়তে সক্ষম, সাশ্রয়ী, দেশী আবহাওয়ায় টেকসই, রোগবালাই প্রতিরোধে সক্ষম, লালন-পালন তুলনামূলকভাবে সহজ 'শুভ্রা' নামক বাণিজ্যিক লেয়ার বা ডিম পাড়া মুরগীর জাত উদ্ভাবন।

- গলাছিলা মুরগীর জাত উন্নয়ন। রেড চিটাগাং ক্যাটেল জাত উন্নয়ন। উচ্চ ফলনশীল ঘাসের জাত উদ্ভাবন ও সম্প্রসারণ।
- গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রমের কভারেজ ৩৬ শতাংশে উন্নীত। উৎপাদনশীলতা বৃদ্ধি।
- গবাদিপশুর জন্য ৪ কোটি ৩০ লক্ষ ডোজ এবং হাঁস-মুরগির জন্য ৭৩ কোটি ২২ লক্ষ ডোজ টিকা উৎপাদন।
- প্রাণিসম্পদ প্রতিপালনের মাধ্যমে আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ৩৫ লক্ষ খামারীকে প্রশিক্ষণ প্রদান।
- ৯১টি উপজেলা প্রাণিসম্পদ উন্নয়ন কেন্দ্র, ১টি এফডিআইএল, ১টি ভেটেরিনারী কলেজ, ৩০০টি ইউনিয়ন এআইসেড, ৬৭০টি ইউনিয়ন পরামর্শ কেন্দ্র, ১৩টি হাঁসের হ্যাচারী, ১টি মহিষ প্রজনন খামার, ১টি ভেড়া উন্নয়ন খামার ও ৭টি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ।
- ছাগল ও ভেড়ার মারাত্মক পিপিআর রোগ দমনে থার্মোস্টেবল ভ্যাক্সিন উদ্ভাবন।
- বিদ্যুৎ ব্যবহার না করে মুরগীর বাচ্চা পালনের জন্য নন-ইলেকট্রিক চিক ব্রুডার উদ্ভাবন।
- গবাদিপশুর খাদ্যে খনিজ পদার্থের অভাব পূরণ করার জন্য ‘মিনামিক্স’ ফিড এডিটিভ প্রযুক্তি এবং ভুট্টার দানা সংগ্রহের পর অব্যবহৃত ভুট্টা গাছ প্রক্রিয়াজাত করে প্রয়োজনীয় মিনারেল মিশিয়ে ‘কর্ন-স্ট্র প্যালেট’ নামক গো খাদ্য উদ্ভাবন।
- এভিয়ান ইনফ্লুয়েঞ্জা রোগ নির্ণয় ও প্রতিরোধে সহায়ক ন্যাশনাল রেফারেন্স ল্যাব স্থাপন।
- এভিয়ান ইনফ্লুয়েঞ্জা ও এনথ্রাক্স রোগ নিয়ন্ত্রণে সাফল্য অর্জন।
- রোগে ক্ষতিগ্রস্ত খামারীদের ২৫ কোটি টাকা ক্ষতিপূরণ এবং ২ হাজার ৩৯০ জন ক্ষুদ্র খামারী ও ১৮ হাজার পারিবারিক খামারীকে পুনর্বাসন।
- সার্ক দেশসমূহের পিপিআর রোগের নমুনা বিশ্লেষণের জন্য বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠানে সার্ক অঞ্চলের রেফারেন্স ল্যাব স্থাপন।
- ডিএনএ এক্সট্রাকশন কিট উদ্ভাবন।
- তাপ-সহিষ্ণু পিপিআর ভ্যাক্সিন প্রযুক্তি উদ্ভাবন।
- পোলট্রি খামারীদের জন্য “জীব-নিরাপত্তা” মডেল উদ্ভাবন।
- পোনা মাছ নিধন রোধকল্পে ১ সেন্টিমিটার অথবা কম ব্যাস বা দৈর্ঘ্যের মেশ-বিশিষ্ট জালের ব্যবহার নিষিদ্ধকরণ।

## বন (২০০৯-২০১২)

- সংবিধানে পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে অনুচ্ছেদ ১৮(ক) এ পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন এবং প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণীর সংরক্ষণ ও নিরাপত্তা বিধান রাষ্ট্র পরিচালনার মূলনীতি হিসাবে অন্তর্ভুক্ত।
- বন, বন্যপ্রাণী ও জীব বৈচিত্র্য সংরক্ষণের লক্ষ্যে বন্যপ্রাণী বনজ দ্রব্য পরিবহণ নিয়ন্ত্রণ বিধিমালা, করাতকল লাইসেন্স বিধিমালা, বন রক্ষার্থে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ নীতিমালা প্রণয়ন এবং সামাজিক বনায়ন বিধিমালা সংশোধন।
- বন আইন, ১৯২৭ সংশোধন এবং বৃক্ষ সংরক্ষণ আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ।
- দেশে বৃক্ষাচ্ছাদিত এলাকার পরিমাণ ৮ শতাংশ থেকে ১৭ শতাংশে উন্নীত।
- ১ লক্ষ ৩৮ হাজার হেক্টর এলাকা সংরক্ষিত বন ঘোষণা।
- ৫৮ হাজার ৯৩৮ হেক্টর ব্লক বাগান সৃজন। ৯ হাজার ২৯৭ কিলোমিটার স্ট্রীপ বাগান সৃজন।
- গাজীপুরে বঙ্গবন্ধু সাফারী পার্ক এবং চট্টগ্রামে শেখ রাসেল এভিয়ারি এণ্ড ইকোপার্ক নির্মাণাধীন।
- বন রক্ষার্থে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ বাবদ ৪৩ লক্ষ টাকা প্রদান।
- চিত্রা হরিণ লালন-পালন নীতিমালা প্রণয়ন। বাংলাদেশ বায়োসেফটি রুলস্ প্রণয়ন।
- বন্যপ্রাণী সংরক্ষণে অবদান রাখার জন্য প্রতিবছর তিনটি শ্রেণীতে "বঙ্গবন্ধু এ্যাওয়ার্ড ফর ওয়াইল্ড লাইফ কনজারভেশন" পুরস্কার প্রদান।
- ভারতের সঙ্গে সুন্দরবন ও বাঘ সংরক্ষণ বিষয়ে চুক্তি সম্পাদন।
- সুন্দরবনের রয়েল বেঙ্গল টাইগার রক্ষার জন্য টাইগার ২০০৯-২০১৭ কর্ম পরিকল্পনা প্রণয়ন। বাঘ সংরক্ষণে জনগণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে ঢাকা, খুলনা ও সাতক্ষীরায় বিশ্ব বাঘ দিবস উদযাপন।
- সুন্দরবন সংলগ্ন ৭৬টি গ্রামে সুন্দরবনের উপর নির্ভরশীল জনগোষ্ঠীকে নিয়ে "ভিলেজ ফোরাম" গঠন। সংরক্ষিত বন এলাকায় সহ-ব্যবস্থাপনা পদ্ধতির প্রচলন।
- বাংলাদেশ বন সেক্টর ২০১২ সালের ইকুয়েটর পুরস্কার, ওয়াঙ্গারী মাথাই পুরস্কার এবং আর্থ কেয়ার পুরস্কার অর্জন।
- বাংলাদেশ বন বিভাগ ও ইউএস ফরেস্ট সার্ভিসের যৌথ জরিপে সুন্দরবনের ৭০ শতাংশ পর্যন্ত গ্রোয়িং স্টক ও রিজেনারেশন বৃদ্ধি।
- বিএনপি-জামাত জোটের সময় বছরে বৃক্ষচারা উত্তোলনের পরিমাণ ছিল সর্বোচ্চ ৪ কোটি। বর্তমান সরকারের সময় বছরে ১০ কোটির অধিক বৃক্ষচারা উত্তোলন।

- স্থানীয় জনগণকে সরকারী বনে বিনিয়োগের সুযোগ প্রদান। দেশের সকল পতিত জমিকে বনায়নের আওতায় আনা। সামাজিক বনায়নকে উৎসাহ প্রদান। দারিদ্র্য বিমোচনে গতিসঞ্চার।
- সামাজিক বনায়নের পরিপক্ক গাছ আহরণের মাধ্যমে ১ লক্ষ ৩ হাজার ৩৩৩ জন উপকারভোগীকে ১৮৫ কোটি টাকা লভ্যাংশ প্রদান।
- ১৮৫ কোটি টাকা সরকারী রাজস্ব জমা।
- সামাজিক বনায়নের আবর্তকাল উত্তীর্ণ গাছ আহরণ করে ১ কোটি ৫২ লক্ষ ঘনফুট কাঠ, ১ কোটি ৭০ লক্ষ ঘনফুট জ্বালানি এবং ৪৪ লক্ষ খুঁটি উৎপাদন।
- ১০ হাজার কিলোমিটার সড়ক ও বাঁধ এবং ২২ হাজার হেক্টর এলাকায় পুনঃবনায়ন।
- পুনঃবনায়নের জন্য প্রায় ৪০ কোটি টাকার ট্রি ফার্মিং ফান্ড গঠন।
- ৬৮ হাজার ২২৩ একর সংরক্ষিত বন ঘোষণার কাজ সম্পন্ন।
- উপকূলীয় বনায়ন প্রক্রিয়ায় বঙ্গোপসাগর থেকে ১২০ বর্গকিলোমিটার আয়তনের ভূমি দেশের মূল ভূ-খণ্ডের সঙ্গে সংযোজন। ১ লক্ষ ১০ হাজার ৬৫৮ একর চরভূমি বনায়নের মাধ্যমে শস্য উৎপাদনের উদ্দেশ্যে ভূমি মন্ত্রণালয়ে হস্তান্তর। উপকূলীয় চরাঞ্চলে ১৮ লক্ষ হেক্টর নতুন জেগে ওঠা চরে বন সৃজন।
- জীববৈচিত্র্য সংরক্ষণের জন্য দেশে নতুন করে আরও ৭টি জাতীয় উদ্যান ও ৮টি বন্যপ্রাণী অভয়ারণ্য প্রতিষ্ঠা এবং সংরক্ষিত এলাকা ২১ হাজার ৫১৮ হেক্টর বৃদ্ধি।
- বর্তমানে সংরক্ষিত এলাকার পরিমাণ ২ লক্ষ ৬৫ হাজার হেক্টর যা দেশের মোট আয়তনের ১ দশমিক ৮ শতাংশ।
- সংরক্ষিত এলাকায় গাজীপুরে বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক, রাঙ্গুনিয়ায় শেখ রাসেল এ্যাভিয়ারী এ্যান্ড ইকোপার্ক, বৃহত্তর যশোর জেলার জীববৈচিত্র্য সংরক্ষণ ও প্রাকৃতিক পরিবেশ উন্নয়ন, বৃহত্তর রাজশাহী ও কুষ্টিয়া জেলায় বনায়নের মাধ্যমে জীববৈচিত্র্য সংরক্ষণ দারিদ্র্য বিমোচন প্রকল্প গ্রহণ।
- রাবার নীতি প্রণয়ন। জমিতে বাণিজ্যিকভাবে রাবার বাগান সৃজন ৩২ হাজার ৬৩৫ একরে উন্নীত।
- গবেষণার মাধ্যমে ৬টি বৃক্ষ প্রজাতির কাঠের ভৌতিক ও যান্ত্রিক গুণাবলী নির্ধারণ। নার্সারীর ২০টি পোকা-মাকড় রোগ বালাই সনাক্তকরণ ও দমন কৌশল উদ্ভাবন। ১৫টি ঔষধী গাছের পোকা-মাকড় রোগ বালাই সনাক্তকরণ ও দমন কৌশল উদ্ভাবন। পাহাড়ী ঢালু জমিতে ভূমি ক্ষয়রোধের প্রযুক্তি উদ্ভাবন।
- বাংলাদেশ ন্যাশনাল হার্বেরিয়ামে ১৪টি জেলার বিভিন্ন এলাকা থেকে ৩ হাজার ৪৭৯টি উদ্ভিদ নমুনা সংগ্রহ। প্রজাতি সনাক্তকরণ। বৈজ্ঞানিক নাম ও পরিবারসহ তথ্য সংরক্ষণ।
- পরিবেশ সুরক্ষা, ভুমি ক্ষয় ও ভাঙ্গনরোধসহ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

- বনজ সম্পদ উন্নয়নে ৫০টিরও অধিক লাগসই প্রযুক্তি উদ্ভাবন। এসব প্রযুক্তি সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান, এনজিও, ক্ষুদ্র ব্যবসায়ী ও কৃষক পর্যায়ে ব্যবহারের ফলে বনজ বৃক্ষের উৎপাদন বৃদ্ধি।
- বছরে ৩৫ লক্ষ দর্শনার্থী বনাঞ্চল ভ্রমণ।

## খাদ্য ও পুষ্টি (২০০৯-২০১২)

- জনসংখ্যা বৃদ্ধি, কৃষি জমি হ্রাস, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব সত্ত্বেও খাদ্য উৎপাদনে প্রায় স্বয়ংসম্পূর্ণতা অর্জন।
- খাদ্য নিরাপত্তা নিশ্চিতে আপদকালীন মজুদ বৃদ্ধি। নতুন গুদাম নির্মাণ। বর্তমান গুদামগুলো মেরামতকরণ। অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার থেকে খাদ্যশস্য সংগ্রহ অব্যাহত।
- আমন ও বোরো মৌসুমে মোট ৪১ লক্ষ ৯ হাজার টন চাল সংগৃহীত। ১ লক্ষ ৮১ হাজার টন গম সংগৃহীত।
- নিম্নআয়ের মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও খাদ্যশস্যের মূল্য স্থিতিশীল রাখতে সারা বছর কর্মসূচী বাস্তবায়ন। খাদ্যশস্যের মজুদ ১৫ লক্ষ টনে উন্নীত।
- অভ্যন্তরীণ উৎস থেকে আমন মৌসুমে ৩ লক্ষ ৫০ হাজার টন চাল ক্রয়। বোরো মৌসুমে ১০ লক্ষ মেট্রিক টন চাল ক্রয়।
- দেশে আশানুরূপ চাল উৎপাদিত হওয়ায় চাল আমদানি ব্যাপকভাবে হ্রাস।
- খাদ্য নিরাপত্তা নীতিসমূহকে সার্বিক জাতীয় উন্নয়ন নীতির সঙ্গে সম্পৃক্তকরণ।
- বিভিন্ন খাতের নীতি-কৌশল, কর্মসূচী ও প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে খাদ্য নিরাপত্তা বিধানের সুযোগ বৃদ্ধি।
- আমন ও বোরো ধানের উৎপাদন বৃদ্ধি পাওয়ায় দেশ চাল উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতার দ্বারপ্রান্তে উপনীত।
- গম ভাঙ্গিয়ে ফলিত আটা বিক্রয়ের একটি নতুন কার্যক্রম গ্রহণ। ২ লক্ষ ৬০ হাজার ১১৩ টন গম বরাদ্দপূর্বক আটা ও ময়দা কলে গম ভাঙ্গিয়ে ফলিত আটা নির্ধারিত ডিলারের মাধ্যমে স্বল্প মূল্যে বিক্রয়।
- ওএমএস এর আওতায় হ্রাসকৃত মূল্যে খোলা বাজারে ১৮ লক্ষ ৩৮ হাজার টন চাল বিক্রি।
- ওএমএস কার্যক্রমের চাল ক্রয়ের সুবিধা গ্রহণে অপারগ ব্যক্তি ও পরিবারকে স্বল্পমূল্যে খাদ্যশস্য ক্রয়ের সুবিধা প্রদান।

- অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান সৃষ্টি। দারিদ্র্য দূরীকরণ ও উত্তরাঞ্চলের ৫টি জেলার মঙ্গা মোকাবেলা। এর আওতায় উত্তরাঞ্চলের মঙ্গাপ্রবণ এলাকা, নদী ভাঙ্গন ও চরাঞ্চলের মৌসুমী বেকারদের ৮০ দিনের কর্মসংস্থানের জন্য ২ হাজার ৭৭৭ কোটি টাকা ব্যয়। ২৭ লক্ষ ৩৬ হাজার লোকের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি।
- কুড়িগ্রাম, জামালপুর, গাইবান্ধা, বগুড়া ও সিরাজগঞ্জ জেলার ২৮টি উপজেলার ১৫০টি ইউনিয়নে চর জীবিকায়ন কর্মসূচীর বাস্তবায়ন। ২ লক্ষ ৫০ হাজার দরিদ্র মানুষ প্রত্যক্ষভাবে এবং ১০ লক্ষ মানুষ পরোক্ষভাবে উপকৃত।
- চর জীবিকায়ন কর্মসূচীর সফল বাস্তবায়নের ফলে ২য় পর্যায়ে ৭৯৫ কোটি টাকা ব্যয়ে টাঙ্গাইল, পাবনা, নীলফামারী, লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলার চর এলাকার ৩১টি উপজেলায় ২ লক্ষ ৫০ হাজার দরিদ্র মানুষ প্রত্যক্ষভাবে এবং ১০ লক্ষ মানুষ পরোক্ষভাবে উপকৃত।
- ৮৮৮ কোটি টাকা ব্যয়ে দেশের চর, হাওর-বাঁওড়, জলাবদ্ধ এলাকা, সমুদ্র উপকূলবর্তী ঘূর্ণিঝড়প্রবণ এলাকা, অতি দারিদ্র্যপীড়িত অঞ্চল এবং পার্বত্য এলাকার ১০ লক্ষ অতিদরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসের লক্ষ্যে দরিদ্র জনগোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়ন প্রকল্প বাস্তবায়নাধীন।
- গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণের (টিআর) লক্ষ্যে ১০ লক্ষ ৬৪ হাজার ৮৭৩ টন খাদ্যশস্য ও ৩৭৭ কোটি টাকা বিতরণ।
- কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় ৫ লক্ষ ৯৬ হাজার টন খাদ্যশস্য ও ২৭৫ কোটি টাকা ব্যয়। ২৭ কোটি কর্মদিবস সৃষ্টি। বেকার জনগোষ্ঠীর কর্মসৃজন।
- দুঃস্থ ও অতি দরিদ্র জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতে ভিজিএফ কর্মসূচীর আওতায় ৩ কোটি ৩৬ লাখ ৮২ হাজার উপকারভোগী পরিবারের মধ্যে ৭ লক্ষ ২৩ হাজার টন খাদ্যশস্য বিতরণ।
- মানবিক সহায়তা কর্মসূচীর (জিআর) আওতায় বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ও দুঃস্থ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ২১ কোটি ৯০ লক্ষ টাকা নগদ, ১ লক্ষ ৫৭ হাজার টন চাল, ৯৩ হাজার বান্ডিল ঢেউটিন, ১২৪ কোটি টাকা গৃহ বাবদ মঞ্জুরী এবং ১০ লক্ষ পিস কম্বল ও ১০ কোটি টাকা বিতরণ।
- "মানুষের সত্তাকে কাজে লাগিয়ে জীবিকায়নের মাধ্যমে আয় নিশ্চিত করে অর্থনৈতিক মুক্তি অর্জন" - প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ দর্শন বাস্তবায়নে প্রতিটি গ্রামীণ পরিবারের সক্ষম সদস্যকে কৃষি ও অকৃষিভিত্তিক কাজে সম্পৃক্ত করতে "একটি বাড়ী একটি খামার" কর্মসূচী গ্রহণ।
- এ কর্মসূচীর আওতায় গ্রামকে অর্থনৈতিক কর্মকাণ্ডের মূলভিত্তি হিসেবে প্রতিষ্ঠা এবং গ্রামীণ জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতে ১ হাজার ৪৯২ কোটি টাকার প্রকল্প গ্রহণ।
- দুঃস্থ ও নিম্ন আয়ের জনগণের জন্য সুলভ মূল্য কার্ডের প্রচলন।

- ফেয়ার প্রাইস কার্ডধারী ৭৭ লক্ষ ১ হাজার ৫৫৮টি পরিবারের মধ্যে ৩ লক্ষ ৩২ হাজার টন চাল বিতরণ। সুলভ মূল্য কার্ডধারীদের একটি ডাটাবেজ তৈরী।
- সরকারী কর্মচারী ও গার্মেন্টস্ শ্রমিকদের জন্য খাদ্যশস্য বিতরণ কর্মসূচী নতুনভাবে চালু।
- চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারী, গ্রাম পুলিশ বাহিনীর সদস্য এবং গার্মেন্টস শ্রমিকদের মধ্যে মোট ১ লক্ষ ৪৪ হাজার ৫৫৮টি পরিবারের নিকট স্বল্পমূল্যে ১ লক্ষ ২ হাজার টন চাল বিক্রয়।
- নিম্নআয়ের সরকারী কর্মচারী এবং শ্রমজীবী গার্মেন্টস কর্মচারীদের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ।
- সারাদেশে চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারীগণের একটি তালিকা প্রস্তুত এবং সুবিধাভোগীদের জন্য মূল্য কার্ড সরবরাহ।
- খাদ্যগুদামের ধারণক্ষমতা ১৫ লাখ টন থেকে ২২ লাখ টনে উন্নীত করার পরিকল্পনা গ্রহণ। এর মধ্যে ১ লক্ষ ৮০ হাজার টন ধারণক্ষমতার গুদাম নির্মাণ কাজ সম্পন্ন। উত্তরাঞ্চলের ১৫টি জেলায় ১ লক্ষ ১০ হাজার টন ধারণ ক্ষমতাসম্পন্ন ১৪০টি খাদ্য গুদাম নির্মাণ। দেশের অন্যান্য স্থানে ১ লক্ষ ৩৫ হাজার টন ধারণ ক্ষমতাসম্পন্ন ১৭০টি গুদাম নির্মাণাধীন। চট্টগ্রামে ৮৪ হাজার টন ধারণ ক্ষমতাসম্পন্ন ৯১টি গুদাম নির্মাণাধীন।
- দেশে বিদ্যমান চালকলগুলোতে আধুনিকায়ন এবং উন্নত প্রযুক্তি গ্রহণ ও ব্যবহার।
- উন্নতমানের চাল প্রস্তুতের সক্ষমতা বৃদ্ধি।
- খাদ্যশস্য রপ্তানিকারক নতুন নতুন দেশের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে দুর্যোগকালীন ও জরুরী প্রয়োজনে খাদ্যশস্য প্রাপ্তির সম্ভাবনা সুসংহতকরণ।
- খাদ্য নিরাপত্তা বাড়াতে পাঁচ বছর মেয়াদী "বাংলাদেশ বিনিয়োগ পরিকল্পনা: খাদ্য নিরাপত্তা, কৃষি ও পুষ্টিতে বিনিয়োগের রোডম্যাপ" প্রণয়ন ও বাস্তবায়ন।
- খাদ্য নিরাপত্তা ও কৃষি উন্নয়ন বিষয়ক ১২টি কর্মসূচী চিহ্নিতকরণ।
- ১৩টি মন্ত্রণালয় ও বিভাগের মাধ্যমে সমন্বিতভাবে বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ এবং ৬ষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনাভুক্তকরণ।
- ২০১২ সালে খাদ্য নিরাপত্তা বিনিয়োগ পরিকল্পনার বাজেট পূর্বে নির্ধারিত ৭৮০ কোটি ডলার থেকে ১৭ শতাংশ বৃদ্ধি করে ৯১০ কোটি ডলার নির্ধারণ। এ বিনিয়োগ পরিকল্পনাভুক্ত প্রকল্পের সংখ্যা ৪০৫টি। ইতোমধ্যে ৫২০ কোটি ডলার বিনিয়োগ।